


		
		
<p><b>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প</b></p> <p><b>কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি</b></p> <p><b>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</b></p>		

০৮-১১ এপ্রিল, ২০২০ তারিখে সম্ভাব্য বৃষ্টিপাতের কারণে বাগেরহাট, বরিশাল, ভোলা, বগুড়া, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ঢাকা, ফরিদপুর, ফেনী, গাইবান্ধা, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, খুলনা, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, লালমনিরহাট, লক্ষ্মীপুর, মাদারীপুর, মাগুরা, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, নেত্রকোনা, নোয়াখালী, পটুয়াখালী, পিরোজপুর, রাজবাড়ি, সাতক্ষীরা, শরিয়তপুর, শেরপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট ও টাংগাইল জেলার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ।

প্রকাশের তারিখ: ০৫/০৪/২০২০



০৮-১১ এপ্রিল ২০২০ তারিখে দেশের ৪৪টি জেলায় হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। ফসল চাষে বা দন্ডায়মান ফসলের ক্ষেত্রে এ বৃষ্টিপাত প্রভাব ফেলতে পারে। দন্ডায়মান ফসলকে এই বৃষ্টিপাতের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য নিম্নলিখিত জরুরি পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ২। সবজি ও দন্ডায়মান ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলুন।
- ৩। ০৮ এপ্রিলের আগে পরিপক্ব সবজি, মসুর, গম ও উদ্যান ফসল সংগ্রহ করে শুকনো ও নিরাপদ স্থানে রাখুন অথবা ১১ এপ্রিলের পর ফসল সংগ্রহ করুন।
- ৪। বৃষ্টিপাতের পানি কাজে লাগিয়ে বোরো ধানের কুশি থেকে নরম দানা পর্যায় পর্যন্ত জমিতে প্রয়োজনীয় পানির স্তর বজায় রাখুন।
- ৫। কলা ও অন্যান্য উদ্যানভিত্তিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৬। বৃষ্টিপাতের ফলে জো অবস্থা আসলে পাট বীজ বুনে দিন।